



বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ
Embassy of Bangladesh
Embajada de Bangladesh
Madrid



“মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি”

বার্সেলোনায় কনস্যুলার সার্ভিস প্রদান বিষয়ক বিজ্ঞপ্তি

বার্সেলোনা ও তার পার্শ্ববর্তী এলাকাসমূহে বসবাসরত সম্মানিত প্রবাসি বাংলাদেশীদের জানানো যাচ্ছে যে, আগামী ২৩ জানুয়ারি শনিবার এবং ২৪ জানুয়ারি রবিবার বার্সেলোনায় কনস্যুলার সার্ভিস প্রদান করা হবে।
সেবা প্রদানের স্থান : **Avda. Josep Tarradellas, 134 Bajos, 08029, Barcelona.**

২। ৬০২৫৬২৫২০ নম্বরে **WhatsApp** এ মেসেজ পাঠিয়ে (ফোন/রেকর্ডিং করে নয়) এই এপয়েন্টমেন্ট (ছিতা) অগ্রিম গ্রহণ করতে হবে। আগামী ১৮ জানুয়ারি হতে ২১ জানুয়ারি পর্যন্ত এই এপয়েন্টমেন্ট (CITA) গ্রহণের জন্য মেসেজ প্রদান করা যাবে। ২১ জানুয়ারির মধ্যে যদি ম্যাসেজ প্রদান করে কেউ এপয়েন্টমেন্ট (ছিতা) না পান তাহলে ২২ জানুয়ারি পুনরায় মেসেজ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এপয়েন্টমেন্ট (ছিতা) এর জন্য মেসেজে নাম, কাজের বিবরণ, যেমন পাসপোর্ট ডেলিভারি ইত্যাদি উল্লেখ করতে হবে। **পাসপোর্ট ডেলিভারি নেয়ার ক্ষেত্রে ESP নম্বরটা মেসেজে উল্লেখ করতে হবে।** বিদ্যমান করোনা পরিস্থিতির কারণে বার্সেলোনায় সেবা প্রদানকালীন সময়ে কোন এপয়েন্টমেন্ট (ছিতা) প্রদান করা সম্ভব হবে না। তাই পাসপোর্ট ডেলিভারি গ্রহণ, রিইস্যু, ভিসা, ছয় বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ, কাগজপত্র সত্যায়ন, সার্টিফিকেট, পুলিশ ক্লিয়ারেন্স আবেদন সত্যায়নসহ যাবতীয় কার্যক্রমের ক্ষেত্রে নির্দিষ্ট সময়সীমার মধ্যেই অগ্রিম এপয়েন্টমেন্ট (ছিতা) গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। একজন একটি এপয়েন্টমেন্ট (ছিতা) নিয়ে তার নিজের একাধিক কাজ করতে পারবেন। পরিবারের একাধিক সদস্যের ক্ষেত্রে প্রত্যেকের আলাদা এপয়েন্টমেন্ট (ছিতা) নিতে হবে, তবে শিশুদের ক্ষেত্রে বাবা/মা এপয়েন্টমেন্ট (ছিতা) নিবেন। শুধুমাত্র তথ্য সংগ্রহের জন্য কাউকে এপয়েন্টমেন্ট/(ছিতা) দেয়া হবে না। **নির্ধারিত সময়ের মধ্যে যারা ছিতার জন্য মেসেজ পাঠাবেন, তাদের সকলকেই সেবা প্রদান করা হবে।**

৩। পাসপোর্ট ডেলিভারি নেয়ার ক্ষেত্রে অবশ্যই পুরাতন পাসপোর্টটি সংগে আনতে হবে এবং স্ত্রী/সন্তান ব্যতীত একজনের পাসপোর্ট অন্যজনকে দেয়া হবে না। পুলিশ ক্লিয়ারেন্স আবেদনের ক্ষেত্রে প্রত্যেককে পূরণকৃত আবেদনপত্র ৩ কপি, পাসপোর্টের (প্রথম চার পেজ) এর ৩ কপি এবং ছবি ৬ কপি আনতে হবে।

৪। **সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত এপয়েন্টমেন্টের সময়ের ১০ মিনিট পূর্বেই উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। উপস্থিত হয়ে ছিতার সিরিয়াল নাম্বার বলতে হবে। দূতাবাস থেকে প্রদানকৃত ছিতার সময় পরিবর্তন করা যাবে না এবং নির্ধারিত সময়ে কেউ না আসলে ছিতা বাতিল মর্মে গণ্য হবে।**

৫। বিদ্যমান করোনা ভাইরাস প্রতিরোধে সেবা গ্রহণকারীদের যথাযথ মাস্ক পরিধান করে, ভীড় পরিহার করে যথাযথ নিরাপত্তা ও শৃঙ্খলা অনুসরণ করে সেবা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। কনস্যুলার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

